মেহেরপুরে ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

মেহেরপুরে ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১০টায় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ থেকে একটি র্যালি বের করা হয়।

র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ে গিয়ে শেষ হয়। পরে সেখানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক জাবেদ মাসুদ মিল্টন, অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতীম শীল, তাহওয়ার আকরাম সাকাফি ইবনে সাজ্জাদসহ বিভিন্ন সরকারি কর্মকর্তা ও সুধীজন।

বক্তারা বলেন, ভূমি সেবাকে আরও সহজ, দ্রুত ও জনবান্ধব করতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। এসময় তারা জনগণকে ভূমি সংক্রান্ত সেবা গ্রহণে সচেতন হওয়ার আহ্বান জানান।

মেহেরপুরে বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালন

মেহেরপুরে জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অধিদপ্তরের যৌথ আয়োজনে “অটিজম কোনো সীমাবদ্ধতা নয়, প্রতিটি জীবনই মূল্যবান” এই স্লোগানকে সামনে রেখে ১৯তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১৩ মে) সকালে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অধিদপ্তরের যৌথ আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে

একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে “বিশ্ব অটিজম সচেতনতা দিবস” উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আশাদুল ইসলামের সভাপতিত্বে এবং জেলা সমাজসেবা অধিদপ্তরের অফিসার কাজী আবুল মনসুরের (রেজি.) সঞ্চালনায় প্রধান অতিথি ও বিশেষ অতিথিরা বিশ্ব অটিজম সচেতনতা দিবসের তাৎপর্য তুলে ধরেন। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় এবং সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাঈদ।

এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ আনিসুর রহমান, মেহেরপুর জেলা মানব উন্নয়ন কেন্দ্র (মউক), মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা, মেহেরপুরসহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিরা।

গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উপলক্ষে আমঝুপিতে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উদযাপন উপলক্ষে মেহেরপুরের আমঝুপিতে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৮ এপ্রিল) সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) হলরুমে এ আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জমান সেলিম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার

(ভারপ্রাপ্ত) আবদুর রাহীম, আমঝুপি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমান, আমদহ কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি রুহুল আমীন এবং সাবেক কাউন্সিলর আব্দুর রহিম।

অনুষ্ঠানে গ্লোবাল অ্যাকশন সপ্তাহের বিভিন্ন বাস্তবায়িত কার্যক্রম তুলে ধরে প্রবন্ধ উপস্থাপন করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। বক্তারা মেহেরপুর জেলার প্রাথমিক শিক্ষার সার্বিক চিত্র তুলে ধরেন। বিশেষ করে বিদ্যালয়ে শিক্ষার্থীদের অনুপস্থিতি, বাল্যবিয়ে এবং ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের সম্পৃক্ততা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এছাড়া শিক্ষার্থীদের পাঠদানের মানোন্নয়নে বিশেষ করে রিডিং দক্ষতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন বক্তারা।

আলোচনা সভা শেষে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের আওতাধীন বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত গণিত উৎসবের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।

মেহেরপুরে ‘সোশ্যাল মিডিয়ায় গুজব প্রতিরোধ’ শীর্ষক আলোচনা সভা

মেহেরপুরে সোশ্যাল মিডিয়ায় গুজব প্রতিরোধ শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার দুপুর ১২টার দিকে দৈনিক কালের কণ্ঠ পত্রিকার জেলা প্রতিনিধির কার্যালয়ে বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি রফিকুল আলম বকুলের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তব্য দেন সংগঠনের উপদেষ্টা ও কালের কন্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, ইংরেজি লেখক ও গবেষক ও সংগঠনের সহ-সভাপতি

এম এ বাসার, সদস্য সানোয়ার হোসেন, রফিকুল ইসলাম, সাকিব হাসান রুদ্র, মো. রাফি হাসান, ইয়াসির ইউসুফ ইমন, আরশাদ আওসাফ রাফি প্রমুখ।

আলোচনা অনুষ্ঠানে বক্তারা বলেন, তথ্যপ্রযুক্তির যুগে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ব্যবহার করে আমরা অনেক সুফল পাচ্ছি, কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে তথ্যপ্রযুক্তির এই সুযোগকে কাজে না লাগিয়ে আমরা অপব্যবহার বেশি করছি। যার ফলে সমাজে হিংসা- বিদ্বেষ এবং মানহানিকার ঘটনা ঘটছে।

সোশ্যাল মিডিয়া ব্যবহার করার ক্ষেত্রে আমাদের এ সকল বিষয়গুলো ভেবেচিন্তে ব্যবহার করতে হবে। না বুঝে,না জেনে কোন কিছু শেয়ার করা করা থেকে বিরত থাকতে হবে।

ঝিনাইদহে আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক আলোচনা সভা

ঝিনাইদহ সদরের খড়িখালী আদর্শ গ্রামে আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাশে এনজিও ফাউন্ডেশনের সহযোগিতায় এবং সেবাসংঘের ব্যবস্থাপনায় শুক্রবার বিকেলে খড়িখালী আদর্শ গ্রামের দাসপাড়ায় আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি বিশবিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড.তপন কুমার রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহারাজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খুরশিদ আলম মিয়া।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিষয়খালী সাহিত্য পরিষদের সভাপতি মোঃ আহম্মদ রাকিব, সাংবাদিক ময়না খাতুন, শাহাজান আলী প্রমূখ। উক্ত অনুষ্ঠান সঞ্চালন করেন সেবা সংঘের নির্বাহী পরিচালক আনিছুর

রহমান।

অনুষ্ঠানে প্রধান অতিথি আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক তার গবেষণালব্ধ তথ্য উপস্থাপন করেন। সভাপতিসহ অন্যান্য বক্তাগণ আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধের বিষয়ে সচেতন থাকার আহব্বান জানান।

মেহেরপুরে ইসলামি ফাউন্ডেশনের আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুরে ইসলামি ফাউন্ডেশনের উদ্যোগে নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও মানবপাচার প্রতিরোধে ইমামগণের ভূমিকা শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১১ টাই জেলা মডেল মসজিদ ও ইসলামিক সংস্কৃতিক কেন্দ্র এ আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা ইসলামিক ফাউণ্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। কোরাআন তেলাওয়াত করেন ইসলামিক ফাউণ্ডেশনের শিক্ষক মো: আবু বকর, স্বাগত বক্তব্য রাখেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার ওবায়দুর রহমান, আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মাস্টার্স ট্রেইনার মোঃ আঃ হামিদ।

সভায় বক্তারা বলেন, সমাজে নৈতিকতা, মানবিকতা ও ধর্মীয় মূল্যবোধ প্রতিষ্ঠায় ইসলামি ফাউন্ডেশন গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। তাই সামাজিক অশান্তি দূর করতে ও সুস্থ সমাজ গঠনে সবাইকে ধর্মীয় মূল্যবোধে ফিরে আসার আহ্বান জানান তারা।

দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনাসভা

“সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায় ” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদায় ৫৪ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে সমবায় অফিসের সামনে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটির সূচনা শুরু হয়। পরবর্তীতে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমবায় অফিসার হারুন-অর-রশীদের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান,উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, প্রাণী সম্পদ কর্মকর্তা লীলিমা আক্তার হ্যাপী, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা ইউসিসিএ চেয়ারম্যান মহসীন আলী শাহ পিন্টু, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলী ইউপির (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলা শিক্ষক কর্মচারী কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান প্রভাষক গিয়াস উদ্দিনসহ উপজেলার বিভিন্ন সমবায় সমিতির সভাপতি/সাধারণ সম্পাদক ও উদ্যোক্তাবৃন্দ।

আলোচনা সভায় বক্তারা সমবায় সমিতির তাৎপর্য তুলে ধরে বক্তব্য দেখতে গিয়ে বলেন “দশে মিলে করি কাজ হারি জিতি নাহি লাজ!” শিল্প বিপ্লবের সময় যখন কৃষি ব্যবস্থায় ধ্বস নেমেছিল তখন থেকেই সমবায়ের ধারণা শুরু হয়। সমবায়ের মাধ্যমে বিশ্বব্যাপী যুগে যুগে মানুষ আর্থিক মুক্তি লাভ করে নিজেকে প্রতিষ্টিত করেছে। সমবায়ের মাধ্যমে একত্রিত হয়ে আর্থিক ও সামাজিক মুক্তি লাভের জন্য যেকোনো কাজের উদ্যোগ নিয়ে সংগঠন গঠন করে স্বচ্ছ ভাবে পরিচালনা করলে সফলতা মিলবে।

এবার উপজেলার শ্রেষ্ঠ সমবায় সমিতিদের মাঝে বিভিন্ন ক্যাটাগরিতে

পুরস্কার ও ক্রেস্ট প্রদান করা হয়।বিশেষ ও অন্যান্য শ্রেনী ক্যাটাগরিতে ভরশা বহুমুখী সমবায় সমিতি লিঃ, ব্যবসায় ক্যাটাগরিতে একতা হেয়ার প্রসেসিং ব্যবসায়ি সমবায় সমিতি লিঃ, সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় ক্যাটাগরীত হরিরামপুর সেবা ও ঋণদান সমবায় সমিতি লিঃ, উৎপাদনমূখী সমবায় ক্যাটাগরীতে দলকা মরাগাংনী মৎসজীবী সমবায় সমিতি লিঃ পুরস্কার ও ক্রেস্ট লাভ করে।

মেহেরপুরে ৫৪তম জাতীয় সমবায় দিবস পালিত

“সাম্য ও সততায়, দেশ গড়বে সমবায়” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে ৫৪তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

শনিবার (১ নভেম্বর) সকালে জেলা প্রশাসন ও জেলা সমবায় কার্যালয়ের আয়োজনে দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, পতাকা উত্তেজনা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা মডেল মসজিদের প্রাঙ্গণে এসে শেষ হয়। পরে জেলা মডেল মসজিদের কনফারেন্স রুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আবদুল ছালাম। জেলা সমবায় অফিসার এনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম এবং ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক সিরাজুম মনির।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা সমবায় ব্যাংক লিমিটেডের সভাপতি হাফিজুর রহমান হাফি, জাতীয় মৎস্যজীবী প্রতিনিধি বীর মুক্তিযোদ্ধা গুরুদাস হালদার, ফেমাস সমবায় সমিতির সভাপতি আব্দুল জব্বার এবং জ্যোতি মহিলা সমবায় সমিতি লিমিটেডের পরিচালক উম্মে

হানি চায়না প্রমুখ।

আলোচনা সভায় বক্তারা বলেন, সমবায় আন্দোলনের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করে সমাজে সাম্য ও ন্যায় প্রতিষ্ঠা করা সম্ভব। এজন্য সবাইকে সততা ও সহযোগিতার ভিত্তিতে সমবায় কার্যক্রমে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান তারা।

ঝিনাইদহে মানবাধিকার পরিস্থিতি পর্যালোচনা বিষয়ক আলোচনা সভা

ঝিনাইদহের বর্তমান মানবাধিকার পরিস্থিতি নিয়ে পর্যালোচনা বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে শহরের কৃষ্ণনগর পাড়ার ওয়েলফেয়ার এফোর্টস (উই)’ সন্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা মানবাধিকার নেটওয়ার্কের সহসভাপতি এন এম শাহজালালের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের প্রকল্প সমন্বয়কারী মো.টিপু সুলতান, কনসালটেন্ট সৈয়দ রোকন উদ্দীন, ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন, ঝিনাইদহ বিসিকের উপ-মহাব্যবস্থাপক সেলিনা রহমান, পরিবার পরিকল্পনার উপ-পরিচালক মোহাম্মদ মোজাম্মেল হক, ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর নির্বাহী পরিচালক শরিফা খাতুন, কমিটির যুগ্ম-আহবায়ক জাফর উদ্দীন রাজুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সভায় বিগত তিন মাসের জেলার অপরাধের পরিসংখ্যান চিত্র তুলে ধরা হয়। পরবর্তীতে এ বিষয়ে মুক্ত আলোচনা করে ৬টি উপজেলার সদস্যরা নিজ নিজ এলাকার অপরাধের বিষয়গুলি তুলে ধরেন।

উপস্থিত অতিথিবৃন্দ জেলার মানবাধিকার লংঘনের বিষয়ে আলোকপাত করেন এবং তা উত্তরণের বিষয়ে সুনির্দিষ্ট পরামর্শ দেওয়ার পাশাপাশি মানবাধিকার সুরক্ষায় নিজেদের সহযোগিতার আশ্বাস ব্যক্ত করেন।

মেহেরপুরে মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে জাতীয়তাবাদী মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

মেহেরপুর জেলা মহিলা দলের আয়োজনে বুধবার বিকেলে শহরের খাঁন কমিউনিটি সেন্টারে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা মহিলা দলের সভাপতি সায়েদাতুন্নেসা নয়নের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা ১৬ বছর লড়াই করেছি আজকে আমাদের যে আত্মত্যাগ এই আত্মত্যাগ একটি ষড়যন্ত্রকারী গোষ্ঠী শেষ করে দিতে চাচ্ছে। আমরা যারা রাজপথের লড়াইয়ে ছিলাম আমাদেরকে আজকে অপমানিত করার চেষ্টা করা হচ্ছে। আপনারা নিশ্চয়ই খাঁটি বিএনপির নেত্রী আমরা এখানে লোক যারা করার জন্য আপনাদের উপস্থিত করিনি আপনাদের দায়িত্ব হচ্ছে বাস্তব ও সত্য পথে চলা।

মাসুদ অরুন যেভাবে কষ্ট করে এই সংগঠনকে ১৬ বছর পাহারা দিয়েছে, ঢাকা থেকে কর্মসূচি দেওয়া হতো যে কর্মসূচি ঢাকাতে পালন করতে পারত না আমরা এখানে আওয়ামী লীগের গুন্ডাদের চোখ রাঙানো পুলিশের রাইফেল বন্ধু পরোয়া না করে আছে ধরনের নেতৃত্বে কর্মসূচি করেছি।

তিনি আরো বলেন, আজকে অবাক দৃষ্টিতে দেখতে হচ্ছে আওয়ামী লীগের সেই ছায়া আওয়ামী লীগের সেই প্রতিচ্ছবি আমরা আবারো দেখতে পাচ্ছি গতকাল কি মহিলা দলের নামে একটি সমাবেশ হয়েছে পার্কে যেটা দেখে মনে হল ওটা কোন বিএনপির সমাবেশ না ওটা ফরহাদ হোসেন দোদুলের সমাবেশ।

লোক দেখাতে হবে তাই বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন দলের ভাড়া করে

লোক নিয়ে এসেছে। কালকে মনে হয়েছে আওয়ামী লীগের পেতাত্মা বাংলাদেশ থেকে সরে নাই। কালকের ওই মহিলা দলের সমাবেশ মনে হয়েছে আমার কাছে ওটা আওয়ামী লীগের সমাবেশ। ফরহাদ হোসেন দোদুল যেভাবে সমাবেশ করেছে কালকে সমাবেশ দেখে মনে হয়েছে ক্ষমতাশীল দলের সমাবেশ।

আজকে বিএনপি’র বিরুদ্ধে নানাভাবে ষড়যন্ত্র চলছে এখনো যদি মনোনয়ন হয় সামনে অনেক বিপদ অপেক্ষা করছে। রাজনীতি হচ্ছে মানুষের পাশে থাকা সুখে-দুখে ভালো-মন্দই কষ্টে বিপদে আপদে পাশে থাকা।

আজকে ওই যে কমিটির কথা উঠলো আজকে এই কমিটি করে যারা বিএনপিকে বিভক্ত করার চেষ্টা করছে তারা সবাইকে নিয়ে সকাল দশটা থেকে বিকেল পর্যন্ত গণপূর্ত অফিস জনস্বাস্থ্য অফিস এল জি ডি ঠিকাদারি করে বেড়াচ্ছে, চাঁদাবাজি করে বেড়াচ্ছে। আর এই দায়ভার এসে বিএনপি’র কাঁধে পড়ছে। জনগণকে বাদ দিয়ে আজকে ওই মুখার্জিপাড়ায় অফিস হয়েছে। ওই অফিসে যারা আছে সবাই এখন ঠিকাদারি করে বেড়াচ্ছে।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম।

এসময় তিনি বলেন, আপনাদের হৃদয়ের কষ্টের একটাই কারণ আমরা পরিশ্রম করে দল সংগঠিত করেছি, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ৪৭ বছর আগে যে দল প্রতিষ্ঠা করেছিলেন যে উদ্দেশ্যে প্রতিষ্ঠা করেছিলেন সেই উদ্দেশ্যকে সামনে নিয়ে আমরা তারেক রহমানের নেতৃত্বে বেগম খালেদা জিয়া সরকার প্রতিষ্ঠার জন্য মাসুদ অরুনের নেতৃত্বে মেহেরপুরে যেই মুহূর্তে সেই উদ্দেশ্য পালনের চেষ্টা করছি সেই মুহূর্তে কমিটির নামে আমাদেরকে হেও করে আমাদেরকে ছোট করে আমাদের মাথার উপরে যেচে বসেছে আওয়ামী দোসরা।

আমাদের করণীয় যেভাবে আমরা ১৬ বছর ফ্যাসিস্ট হাসিনার বিদায় করার জন্য মাসুদ অরুণকে সহযোগিতা করেছিলেন জেলা বিএনপিকে সহযোগিতা করেছিলেন আমাদের সহযোগিতা করেছিলেন আমাদের পাশে ছিলেন আপনারা মাসুদ অরুণের জন্য আবারও তার পাশে থাকুন।

জেলা মহিলা দলের অর্থ বিষয়ক সম্পাদক রুপালি খাতুনের সঞ্চলনায় এছাড়াও এসময় জেলা মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি বেদানা আক্তার পলি, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, ইউনিয়ন মহিলা দলের সদস্য সোনিয়া আক্তার, মহিলা দল নেত্রী ফিরোজা আক্তার পপি প্রমুখ উপস্থিত ছিলেন।